

অগ্রণী স্কুল অ্যান্ড কলেজ অভিভাবক প্রতিনিধি নির্বাচন স্থগিত

নিম্নের বার্তা পরিবেশক : আজিমপুর অগ্রণী স্কুল অ্যান্ড কলেজে অভিভাবক প্রতিনিধি নির্বাচন স্থগিত ঘোষণা করা হয়েছে। বৃহস্পতিবার এ নির্বাচন অনুষ্ঠানের কথা ছিল।

নির্বাচন ঘোষণার পর বিভিন্ন ধাপে অসহতি ও অনিয়মের অভিযোগ তুলে ১১ জন প্রার্থী লিখিত আবেদন জানালে প্রিন্সাইডিং অফিসার ম্যাজিস্ট্রেট তসলিমা কানিজ নাহিদা নির্বাচন স্থগিত ঘোষণা করেন।

স্কুল কর্তৃপক্ষের স্বাম্যেয়ালিগনা, ভোট গ্রহণের প্রস্তুতিপর্ব, ভোটার তালিকা প্রণয়নে নানা অসহতির কারণে গতকাল দুয়েক হাজার ভোটার স্কুল প্রাঙ্গণে উপস্থিত হয়েও তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পারেননি। নির্বাচনী তফসিল প্রকাশে অনিয়ম, ভোটের সময় নির্বাচন করে সাটিশ না করায় ভোটারগণ ভোট দিতে চেষ্টা করে যান।

উল্লেখ্য, এর আগের বছরগুলোতে ভোটারগণের সময়সূচি ছিল সকাল ৮টা থেকে বিকেল ৪টা; কিন্তু এবছর স্কুল কর্তৃপক্ষ ভোটারগণের কোন সময়সূচি অফিসিয়ালি ঘোষণা করেনি আগে থেকে। প্রার্থীরা তাদের পোস্টার-পিফলেটে ভোটারগণের সময়সূচি দেন সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত।

ভোটারগণ যথারীতি গতকাল সকাল ৮টায় ভোটকেন্দ্রে হাজির হন ভোট দিতে; কিন্তু এসে জানতে পারেন ভোটারগণ তরু হলে সকাল ১০টা থেকে। এ খবর শুনেই স্কুল হয়ে ওঠেন ভোটারগণ এরপর হুইচই তরু হয়। ইতোমধ্যে অনেক ভোটার অফিস থাকায় চলে যান। অন্যদিকে স্থানীয় সাপেক নাসিরউদ্দিন আহমেদ পিটু অভিভাবকদের বিক্ষোভের পথর পেয়ে ফুলে চলে আসেন। তিনিও ভোটার ও প্রার্থীদের সঙ্গে একমত হয়ে পুনরায় তফসিল ঘোষণা করে নির্বাচন অনুষ্ঠানের কথা বলেন।

প্রার্থীরা কলেজ সেকশনের নির্বাচন সুষ্ঠু হয়নি উল্লেখ করে আবার নির্বাচনের দাবি জানান।